



## Embassy of the People's Republic of Bangladesh

6-Zemledelchesky Pereulok, Moscow 119121

Tel: +7 (499) 246 7804, Fax: +7 (499) 766 4300

E-mail: bdootmoscow@gmail.com

### প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাংলাদেশ দূতাবাস, মস্কো তে শেখ কামালের জন্মদিন উপলক্ষ্যে স্মরণসভা আয়োজন।

০৫ অগাস্ট ২০২০:

বাংলাদেশ দূতাবাস, মস্কো জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র এবং প্রখ্যাত ক্রীড়া সংগঠক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শেখ কামালের জন্মদিন উপলক্ষ্যে একটি স্মরণসভার আয়োজন করে। পবিত্র কোরান তেলাওয়াতের মধ্য দিয়ে দিনের কর্মসূচীর সূচনা করা হয়।

মান্যবর রাষ্ট্রদূত কামরুল আহসানের সভাপতিত্বে আয়োজিত এ সভায় বক্তাগণ শেখ কামালের বৈচিত্র্যময় প্রতিভা ও নানা ক্ষেত্রে তাঁর স্বতঃস্ফূর্ত ও তাৎপর্যপূর্ণ অবদান তুলে ধরেন। অনুষ্ঠানে তার জীবন ও কর্মপরিধির উপর নির্মিত দুইটি প্রামাণ্য তথ্যচিত্রও প্রদর্শন করা হয়।

আলোচনা সভায় সভাপতির ভাষণে মান্যবর রাষ্ট্রদূত জনাব কামরুল আহসান শেখ কামালের বহুমুখী গঠনমূলক কর্মকান্ড সম্পর্কে আলোকপাত করেন। ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব হিসেবে তিনি সদ্য স্বাধীন বাংলাদেশে যে আধুনিকতার সূত্রপাত করেছিলেন তা আজও জাতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সাথে স্মরণ করে বলে মন্তব্য করেন মান্যবর রাষ্ট্রদূত। তিনি বলেন যে শেখ কামালের গৃহীত উদ্যোগসমূহ সমগ্র জাতি বিশেষত তরুণ সমাজের সামনে অনুকরণীয় দৃষ্টান্ত ও অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

পরিশেষে শেখ কামালসহ ১৫ অগাস্ট শাহাদাৎবরণকারী বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকলের আত্মার চিরশান্তি কামনা করে একটি দোয়ার আয়োজন করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

